# আজ মুক্তিযুদ্ধের সেনাপতি জেনারেল এম এ জি ওসমানীর মৃত্যুবার্ষিকী



জেনারেল মোহাম্মদ আতাউল গনি ওসমানী। ছবি: সংগৃহীত

আজ (১৬ ফেব্রুয়ারি) মহান মুক্তিযুদ্ধের মুক্তিবাহিনী ও সেনাবাহিনীর প্রধান সেনাপতি জেনারেল মোহাম্মদ আতাউল গনি (এম এ জি) ওসমানীর ৪২তম মৃত্যুবার্ষিকী। ১৯৮৪ সালের এই দিনে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

জেনারেল ওসমানী ১৯১৮ সালের ১ সেপ্টেম্বর সুনামগঞ্জে জন্মগ্রহণ করেন এবং তাঁর পারিবারিক নিবাস সিলেটের বালাগঞ্জে। তাঁর বাবা খান বাহাদুর মফিজুর রহমান এবং মা জোবেদা খাতুন।

মেধা ও কৃতিত্বে অনন্য ছিলেন ওসমানী। ১৯৩৪ সালে মেট্রিকুলেশন পরীক্ষায় ব্রিটিশ ভারতের মধ্যে প্রথম স্থান অর্জন করেন। এই কৃতিত্বের স্বীকৃতিস্বরূপ ব্রিটিশ সরকার তাঁকে প্রাইটোরিয়া পুরস্কার প্রদান করে।

১৯৩৯ সালে তিনি রয়েল আর্মড ফোর্সে ক্যাডার হিসেবে যোগ দেন। ১৯৪২ সালে মেজর পদে উন্নীত হয়ে ব্রিটিশ সেনাবাহিনীর সর্বকনিষ্ঠ মেজরের মর্যাদা লাভ করেন।

অবসর গ্রহণের পর ১৯৭০ সালে আওয়ামী লীগে যোগ দেন। একই বছর তিনি ফেঞ্চুগঞ্জ-বালাগঞ্জ-বিশ্বনাথ এলাকা থেকে পাকিস্তান জাতীয় পরিষদের সদস্য নির্বাচিত হন।

LENS ASIA